

বড়কাটারা মাদ্রাসার ছাত্র শিক্ষকদের উপর হামলার প্রতিবাদে বিক্ষোভ

স্টাফ রিপোর্টার : বড় কাটারার জামেয়া হোসাইনিয়া আশরাফুল উলুম মাদ্রাসার ছাত্র ও শিক্ষকদের উপর হামলা করে তাদেরকে আহত এবং অমানবিকভাবে লাঞ্চিত করার প্রতিবাদে মাদ্রাসার ছাত্র, শিক্ষক এবং কর্মচারীগণ গতকাল (শনিবার) অপরাহ্নে প্রতিবাদ সমাবেশ ও মিছিল করেছে।

মিছিলটি লালবাগ এলাকার বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে শ্রেষ্ঠাবের দিকে পৌছলে পুলিশ বাধা দেয়। পরে মিছিলটি মুক্তাসনে যায় এবং সেখানে একটি সংক্ষিপ্ত সমাবেশ করে। সমাবেশে ছাত্র এবং শিক্ষকগণ বলেন, গত ১২ সেপ্টেম্বর বাদ ফজর মাদ্রাসার ছাত্র এবং শিক্ষকগণ মাদ্রাসার আশপাশের রাস্তায় ইটাচলা এবং কোয়আন শরীফ ভেলওয়াজ করার সময় হঠাৎ করে সন্ত্রাসী শামছদ্দিন (শামছ), মোহাম্মদ আলী, ওয়াহেদ, রানা (দেবীদাসঘাট নিবাসী চাঁদাবাদা কাশেমের ড্রাইভার), সন্ত্রাসী কাশেমের ছোট জাই ইয়াছিন গং তাদের সন্ত্রাসী সঙ্গীদের নিয়ে অতর্কিত হামলা চালিয়ে মাদ্রাসার মোহাম্মেদ মাওলানা মুবারক উল্লাহ, খাদেম কুরী মোঃ মানিক মিয়া, ছাত্র মোঃ ইউসুফসহ কয়েকজনকে মারাত্মকভাবে আহত করে। এর মধ্যে মাওলানা মুবারক উল্লাহ ও কুরী মোঃ মানিক মিয়া ওরুলতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি হয়েছেন। তারা মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন। সমাবেশে বাকারা বলেন, গত দু'দিন হয়েছে খানায় এ ব্যাপারে একটি হামলা করা হলেও (নং-১৮ তাং ১২-০৯-০২) থানা প্রশাসন সন্তোষজনক কোন পদক্ষেপ নেয়নি।